



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd



বিজ্ঞপ্তি

নথি নং- ঢাশিবো/বি/৬৪/জেএসসি/এসএসসি/রেজি:/৯৮১

তারিখ: ০৬/০৯/২০২২

ঢাকা শিক্ষা বোর্ডের আওতাধীন সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২২ সালে ৯ম শ্রেণিতে অধ্যয়নরত নিয়মিত এবং অনিয়মিত (যারা পাবলিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য ফরম পূরণ করেনি) শিক্ষার্থীর বিদ্যালয় পরিবর্তন/ছাড়পত্র গ্রহণের জন্য অনলাইনে আবেদন করার সময়সীমা পত্র ইস্যুর তারিখ হতে ৩০/১০/২০২২ তারিখ পর্যন্ত নির্ধারণ করা হলো।

অনলাইনে টিসি আবেদনের পদ্ধতি নিম্নরূপ:-

- ১। প্রথমে ঢাকা শিক্ষা বোর্ডের ওয়েবসাইট (www.dhakaeducationboard.gov.bd) এ খুলে e-TC বাটনে ক্লিক করতে হবে। e-TC আবেদন ফরম যথাযথ ভাবে পূরণ করে Submit your Application বাটনে ক্লিক করতে হবে। আবেদন সাবমিট হওয়ার পর শিক্ষার্থী প্রদত্ত মোবাইল নম্বরে একটি গোপনীয় Security code সহ SMS প্রদান করা হবে।
- ২। শিক্ষার্থী সঠিক ভাবে আবেদন সাবমিট করলে অধ্যয়নরত শিক্ষা প্রতিষ্ঠান অর্থাৎ প্রথম শিক্ষা প্রতিষ্ঠান একটি SMS পাবে। তখন উক্ত শিক্ষা প্রতিষ্ঠান বোর্ডের ওয়েবসাইটে গিয়ে OEMS এর মাধ্যমে Login করে Transfer Certificate অপশনে ক্লিক করলে TC আবেদন দেখতে পারবে। অতঃপর উক্ত প্রতিষ্ঠান আবেদনটি প্রয়োজনীয় ক্ষেত্রে Forward অথবা Reject করবে।
- ৩। প্রথম বিদ্যালয়/কলেজ আবেদনটি Forward করার পর টিসির জন্য আবেদনকৃত বিদ্যালয়/কলেজ অর্থাৎ ২য় বিদ্যালয়/কলেজ একই ভাবে OEMS এর মাধ্যমে Login করে Transfer Certificate অপশনে ক্লিক করলে আবেদন দেখতে পারবে। অতঃপর উক্ত প্রতিষ্ঠান আবেদনটি প্রয়োজনীয় ক্ষেত্রে Forward অথবা Reject করবে।
- ৪। টিসির জন্য আবেদনকৃত বিদ্যালয়/ কলেজ অর্থাৎ ২য় বিদ্যালয়/কলেজ TC আবেদন Forward করলে শিক্ষার্থীকে প্রদত্ত মোবাইল নম্বরে যে গোপনীয় Security code প্রদান করা হয়েছিল তার মাধ্যমে Login করে সোনালী সেবার স্লিপের প্রিন্ট কপি সংগ্রহ করে ০৭ (সাত) দিনের মধ্যে সোনালী ব্যাংকের যে কোন অনলাইন শাখার মাধ্যমে টিসি ফি বাবদ - ৭০০/- (সাতশত) টাকা জমা প্রদান করিবে। জমাকৃত সোনালী সেবার স্লিপ বোর্ডে জমা দেওয়ার প্রয়োজন নাই। এটি শিক্ষার্থীকে অবশ্যই সংরক্ষণ করবে।
- ৫। শিক্ষার্থীর আবেদনটি কোন অবস্থায় রয়েছে তা জানার জন্য ঢাকা বোর্ডের ওয়েবসাইটে গিয়ে e-TC বাটনে ক্লিক করে Transfer Certificate Status এ প্রদত্ত তথ্য সমূহ পূরণ করে তার আবেদনের সর্বশেষ অবস্থা জানতে পারবে।
- ৬। TC এর জন্য আবেদনকৃত বিদ্যালয়/কলেজ কর্তৃক আবেদন Forward এবং শিক্ষার্থী কর্তৃক ফি জমা দেওয়ার পর বোর্ড উক্ত TC আবেদনের অনুমোদন সংক্রান্ত বিষয়টি বিবেচনা করবে। TC আবেদন অনুমোদন হলে শিক্ষার্থী একটি SMS পাবে। তখন ঢাকা বোর্ডের ওয়েবসাইটে গিয়ে e-TC বাটনে ক্লিক করে Transfer Certificate Status এ প্রদত্ত তথ্য সমূহ পূরণ করে বোর্ড কর্তৃক অনুমোদনকৃত টিসির আদেশের কপি সংগ্রহ করতে হবে এবং উক্ত আদেশবলে বদলীকৃত শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হতে পারবে।

বোর্ড পরিবর্তন (BTC) ও ৮ম শ্রেণির শিক্ষার্থীদের ছাড়পত্রের আবেদনের ক্ষেত্রে নির্দেশনা নিম্নরূপ:-

- ১। একই সাথে বোর্ড পরিবর্তন (BTC) ও ৮ম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের ছাড়পত্র প্রদানের কার্যক্রম ও চলবে তবে বোর্ড পরিবর্তন ও ৮ম শ্রেণির শিক্ষার্থীদের ছাড়পত্রের আবেদন অনলাইনে সম্পন্ন হবেনা। উক্ত কার্যক্রম ম্যানুয়াল পদ্ধতিতে সম্পন্ন হবে।
- ২। ঢাকা শিক্ষা বোর্ডের আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীকে অন্য যে কোন বোর্ডের আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানে যেতে হলে ঢাকা বোর্ডের ওয়েবসাইট থেকে টিসি ফরম ডাউনলোড করতে হবে। ডাউনলোডকৃত টিসি ফরমটি সঠিক ভাবে পূরণ করে উভয় বিদ্যালয়/কলেজ প্রধানের সুপারিশসহ এবং টিসি ফরমে উল্লিখিত নির্দেশনা মোতাবেক ঢাকা বোর্ডে জমা প্রদান করে ০১ (এক) টি TN নম্বর সংগ্রহ করতে হবে।
- ৩। অন্য যে কোন শিক্ষা বোর্ড থেকে আগত শিক্ষার্থীর একই ভাবে টিসি ফরম পূরণ করে ভর্তিচ্ছুক বিদ্যালয়/কলেজ প্রধানের সুপারিশ এবং পূর্ববর্তী শিক্ষা বোর্ডের TC এর আদেশের কপিসহ ফরমে উল্লিখিত নির্দেশনা মোতাবেক ঢাকা বোর্ডে জমা প্রদান করে একটি TN নম্বর সংগ্রহ করতে হবে।
- ৪। বোর্ড কর্তৃক টিসি আবেদন অনুমোদনের পর অনুমোদনের কপি বোর্ডের ওয়েব সাইট এ প্রকাশ করা হবে (www.dhakaeducationboard.gov.bd)। শিক্ষার্থী বোর্ডের ওয়েবসাইটে গিয়ে School Order বাটনে ক্লিক করলে Transfer Certificate এ অফিস আদেশ দেখতে পারবে এবং TN অনুযায়ী প্রিন্ট দিয়ে বিদ্যালয়/কলেজে ভর্তি হতে পারবে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

প্রফেসর মোহাম্মদ আবুল মনছুর ভূঞা

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।